



নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৫২.০০১.১৭/১৪৪

তারিখ: ১/০৯/২০২০ খ্রি.

‘পুন:ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের বহতল কারপার্কিং ও তৎসংলগ্ন আন্তর্জাতিক কারপার্কিং (টার্মিনাল-২ এর সম্মুখস্থ) এ প্রবেশকৃত যানবাহনের নিকট হতে প্রবেশ ফি আদায়ের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্র: নং	বিবরণ	অবস্থান
১.	বহতল কারপার্কিং	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বহতল কারপার্কিং ও তৎসংলগ্ন আন্তর্জাতিক কারপার্কিং (টার্মিনাল-২ এর সম্মুখস্থ)
২.	ইজারার মেয়াদ	: প্রাথমিকভাবে ইজারা স্থল হস্তান্তরের তারিখ হতে ৩০-০৬-২০২১ খ্রি. পর্যন্ত (আর্থিক সন বিবেচনায় ১ বছর হিসাবে গণ্য হবে)
৩.	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	: ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)
৪.	নির্ধারিত আর্নেস্টম্যানি	: আর্নেস্টম্যানি হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা’র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫.	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য (বার্ষিক)	: ৭,২২,০০,০০০/- (সাত কোটি বাইশ লক্ষ) টাকা মাত্র
৬.	দরপত্র বিক্রয়ের স্থান ও সময়	: অফিস চলাকালীন নিম্নবর্ণিত স্থানসমূহ হইতে ইজারা দরপত্র ক্রয় করা যাবে: (ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) (খ) পিএ টু প্রধান প্রকৌশলী (গ) পিএ টু পরিচালক (হশাআবি) (ঘ) পিএ টু পরিচালক (সেমসু) (ঙ) পিএ টু তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) (চ) হশাআবি’র হিসাব শাখা (ছ) সদর দপ্তর, হিসাব শাখা (জ) প্রশাসন (সম্পত্তি) শাখা (ঝ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, চট্টগ্রাম (ঞ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, সিলেট
৭.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	: ০৫/১০/২০২০ খ্রি. তারিখ অফিস চলাচলকালীন সময় পর্যন্ত
৮.	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	: (ক) কক্ষ নং-২১৫ (২য় তলা), প্রশাসন বিভাগ, সদর দপ্তর, সিএএবি (খ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, চট্টগ্রাম (গ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, সিলেট ০৬/১০/২০২০ খ্রি. তারিখ বেলা: ১২.০০ ঘটিকা পর্যন্ত
৯.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	: ক) কক্ষ নং-২১৭ (২য় তলা), প্রশাসন বিভাগ, সদর দপ্তর, সিএএবি (খ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, চট্টগ্রাম (গ) বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, সিলেট ০৬/১০/২০২০ খ্রি. তারিখ বেলা: ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলী: (ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে। (গ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সমস্ত ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। (ঙ) বিজ্ঞপ্তি শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

18577

(ইসরাত জাহান পান্না)  
উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)